

চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে স্পোর্টিং লিসবনকে ২-০ গোলে হারিয়ে নক আউটে চলে গেল বার্সেলোনা।

মাঠে - ময়দানে

চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে কুরাবাগ এফকে'কে ১-০ গোলে হারিয়ে নক আউটে চলে গেল রোমা।

মরণপণ লড়াইয়ে ম্যাচ ড্র শ্রীলঙ্কার

টানা ৯টি টেস্ট সিরিজ জিতল বিরাটের ভারত

শতরান করে সিংহলি শিবিরকে লড়াইয়ের রসদ জোগালেন ধনঞ্জয় ডি সিলভা।

নয়াদিল্লি, ৬ ডিসেম্বর: কোটলায় পঞ্চম দিন দুরন্ত লড়াই করে হার এড়াল শ্রীলঙ্কা। যদিও সিরিজে হার এড়াতে পারল না তারা। উল্টো দিকে সিরিজের সবচেয়ে খারাপ প্রদর্শন রাখলেন ভারতীয় বোলাররা। তবে টানা ৯টি টেস্ট সিরিজ জিতে অস্ট্রেলিয়ার গড়া বিশ্ব রেকর্ড স্পর্শ করল বিরাট কোহলির টিম ইন্ডিয়া।

এই টেস্টে ভারত যে হারছে না তা স্পষ্ট হয়ে গিয়েছিল আগেই। শুধু দেখার ছিল, শ্রীলঙ্কা ম্যাচ বাঁচাতে পারে কি না। চতুর্থ দিনের শেষে শ্রীলঙ্কার স্কোর ছিল ৩১/৩। জিততে হলে আরও ৩৭৯ রান করতে হত তাদের। অন্যদিকে আরও ৭ সিংহলি ব্যাটসম্যানকে প্যাভিলিয়নে ফেরাতে পারলেই ম্যাচ পকেটে পুরে ফেলত ভারত। দুই ওপেনার দিমুথ করুণারত্নে (১৩) ও সাদিরা সমরবিক্রমা (৫) ফিরে গিয়েছিলেন আগের দিনই। কোনও রান না করেই তাদের সঙ্গী হয়েছিলেন নৈশপ্রহরী হিসাবে নামা সুরঙ্গা লাকমলও। পঞ্চম দিন সকালে ফের ধাক্কা খায় শ্রীলঙ্কা। খেলা শুরুর কিছুক্ষণের মধ্যেই প্যাভিলিয়নে ফেরেন দলের বড় ভরসা প্রাক্তন অধিনায়ক অ্যাঞ্জেলো ম্যাথিউজ (১)। প্রথম ইনিংসে শতরান করে ফর্মে ফেরার ইঙ্গিত দিয়েছিলেন তিনি। কিন্তু দ্বিতীয় ইনিংসে ফের ব্যর্থ হন তিনি। এই পরিস্থিতি থেকে অধিনায়ক দীনেশ চান্ডিমালকে সঙ্গী করে শ্রীলঙ্কাকে বাঁচানোর কাজটা শুরু করেন তরুণ ধনঞ্জয় ডি সিলভা। পঞ্চম উইকেটে প্রায় ৩৩ ওভার ব্যাট করে ১১২ রান যোগ করে এই জুটি। চান্ডিমাল (৩৬) ফিরলে ধনঞ্জয়ের সঙ্গী হন আরেক তরুণ রোশন সিলভা। কোটলায় টেস্ট অভিষেক হয়েছে রোশনের। শুধু টেস্ট নয়, আন্তর্জাতিক ক্রিকেটেও এটাই তাঁর প্রথম ম্যাচ। প্রথম ইনিংসে ০ রানে আউট হওয়া রোশন দ্বিতীয়ার্ধে দেখালেন তাঁর প্রতিভার ঝলক। দিনের ৭৬ ওভারে হঠাৎই রিটায়ার্ড হার্ট হিসাবে মাঠ ছাড়েন ধনঞ্জয়। ততক্ষণে অবশ্য নিজের তৃতীয় টেস্ট শতরানটি সম্পূর্ণ করে ফেলেন তিনি। ২১৯ বল খেলে ১১৯ রান করেন তিনি, মারেন ১৫টি চার ও ১টি ছক্কা। ধনঞ্জয় মাঠ ছাড়লে উইকেট-রক্ষক নিরোশন ডিকওয়েল্লার সঙ্গে জুটি বেঁধে ম্যাচ বাঁচিয়ে নিয়ে যান রোশন। দিনের শেষে ১৫৪ বল খেলে অপরাজিত ৭৪ রান করেন রোশন। অন্যদিকে, ডিকওয়েল্লার সংগ্রহ অপরাজিত ৪৪ রান। চতুর্থ ইনিংসে শেষ পর্যন্ত ২৯৯/৫ স্কোর করে শ্রীলঙ্কা। ভারতের মাটিতে সফররত দলগুলির ক্ষেত্রে চতুর্থ ইনিংসে এটাই সর্বোচ্চ রান। তারা ভাঙল ১৯৮৭ সালের ওয়েস্ট ইন্ডিজের করা ২৭৬/৫ রানের রেকর্ড। সেই ম্যাচে জিতেছিল ক্যারিবিয়ানরা। ভারতের হয়ে রবীন্দ্র জাদেজা ৩টি এবং মহম্মদ সামি ও রবিচন্দ্রন অশ্বিন ১টি করে উইকেট নেন। প্রথম ইনিংসে ২৪৩ রানের ঝকঝকে ইনিংস খেলায় ম্যাচের সেরা হয়েছেন বিরাট কোহলি। আর তিন ম্যাচের সিরিজে দুটি দ্বিশতরান ও একটি শতরান সহ ৬০৬ রান করে সিরিজের সেরা খেলোয়াড় হিসাবেও নির্বাচিত হয়েছেন তিনি।

এদিন ড্র করায় ৩ ম্যাচের এই সিরিজ ১-০ ব্যবধানে জিতল ভারত। পাশাপাশি ১৯৮৮ সাল থেকে কোটলায় অপরাজিত থাকার রেকর্ড ধরে রাখল ভারত। এই সময়কালের মধ্যে ১২টি ম্যাচ খেলে ১০টিতেই জিতেছে তারা। পাশাপাশি টানা ৯টি টেস্ট সিরিজ জিতে অক্টোবর ২০০৫-জুন ২০০৮ সময়কালের মধ্যে অস্ট্রেলিয়ার গড়া বিশ্ব রেকর্ডকে স্পর্শ করলেন কোহলিরা।

চেন্নাইকে হারিয়ে জয়ে ফিরতে মরিয়া এটিকে কোচ শেরিংহ্যাম

স্টাফ রিপোর্টার: এবার চতুর্থ আইএসএল টুর্নামেন্টের শুরুটা একেবারে ভাল হয়নি এটিকের। গত তিনবারের মধ্যে দু'বার চ্যাম্পিয়ন হওয়া দলটির অবস্থা বেশ খারাপ এবার। ইতিমধ্যে তিন ম্যাচ খেলা হলেও জয় পায়নি এটিকে। প্রথম ম্যাচে ড্র করার পর দ্বিতীয় ম্যাচে ঘরের মাঠে পুণে সিটি এফসি'র কাছে এটিকের হার ১-৪ গোলে। তৃতীয় ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন এটিকে গোলশূন্যভাবে খেলা শেষ করে এবার আইএসএলে নতুন দল জামশেদপুর সিটি এফসি'র বিরুদ্ধে। তিন ম্যাচে মাত্র দুই পয়েন্ট সংগ্রহ করে নক আউট পর্বে ওঠা অনেকটাই অনিশ্চিত হয়ে পড়েছে। তাই আজ অ্যাওয়ে ম্যাচে চেন্নাইয়েন এফসি'র বিরুদ্ধে জয়ই লক্ষ্য এটিকে কোচ টেডি শেরিংহ্যামের। প্রথম তিন ম্যাচে জয় না পেলেও চেন্নাইয়ানের বিরুদ্ধে জয়ের সরণিতে ফেরাই লক্ষ্য এটিকে কোচের। তবে প্রথম তিন ম্যাচের মতো চেন্নাইয়ান এফসি'র বিরুদ্ধেও দল গড়া নিয়ে বেশ খানিকটা সমস্যায় এটিকের ব্রিটিশ কোচ শেরিংহ্যাম। চোটের জন্য দলের বাইরে এটিকের মার্কি ফুটবলার রবি কিন। এছাড়া চোটের জন্য অনিশ্চিত জেমি রানে, আশুতোষ মেহেতা এবং লিংডো। দল গড়া নিয়ে সমস্যায় থাকলেও তা নিয়ে ভাবতে রাজি নন এটিকের ব্রিটিশ কোচ শেরিংহ্যাম। ভারতীয় ফুটবলের সঙ্গে শেরিংহ্যামের পরিচয় মাস দুয়েক হল। তবু এটিকে কোচ বেশ বাস্তববাদী। তাই চেন্নাইয়ান এফসি'র বিরুদ্ধে খেলতে নামার আগে শেরিংহ্যাম বলেন, তিন বছরে দু'বার চ্যাম্পিয়ন এটিকে। তাই প্রত্যাশার একটা চাপ তো আছেই। যখন ফুটবলার ছিলাম তখন এটা বেশ ভাল করে বুঝেছি। কোচ হিসাবে এটাই আবার অন্যরকম চ্যালেঞ্জ। আশা করি, সব অঙ্ক ঠিকঠাক মেলাতে পারব। অ্যাওয়ে ম্যাচ হলেও আমার লক্ষ্য তিন পয়েন্ট। কারণ চেন্নাইয়ান এফসি'র বিরুদ্ধে পয়েন্ট নষ্ট করলে নক আউট পর্বে খেলা অনেকটা অনিশ্চিত হয়ে পড়বে। তাই যেনতেন প্রকারে তিন পয়েন্ট সংগ্রহ করাই লক্ষ্য আমার। গত তিন বছর এটিকে দলে ছিল স্প্যানিশ ছোঁয়া। এবার ব্রিটিশ টাচ। দলে রয়েছেন তিনজন ব্রিটিশ ফুটবলার। এরা হলেন ডিফেন্ডার টম থর্প, মিডফিল্ডার কার্ল বেকার এবং কোনর থমাস। এবার টিমে একমাত্র স্প্যানিশ ফুটবলার খার্দি। এদের পাশাপাশি ভারতীয় ফুটবলার রবিন সিং, দেবজিৎ মজুমদার, প্রবীর দাস। এখন দেখার এদের উপর ভরসা রেখে চেন্নাইয়ান এফসি'র বিরুদ্ধে এটিকে জয়ের সরণিতে ফিরতে পারে কি না।

চ্যাম্পিয়ন্স লিগে মধুর প্রতিশোধ বায়ার্ন মিউনিখের। ঘরের মাঠে প্যারিস সাঁ জাঁকে ৩-১ গোলে হারাল তারা। প্রথম পর্বে অ্যাওয়ে ম্যাচে তারা হেরেছিল ৩-০ গোলে। এদিন ৮ মিনিটে রবার্ট লেভনডস্কির গোলে এগিয়ে যায় বায়ার্ন। ৩৭ ও ৬৯ মিনিটে জোড়া গোল করে দলের জয় নিশ্চিত করেন কোরেন্টিন তোলিসো। ৫০ মিনিটে কাইলিয়ান এমবাপ্পে একটা গোল শোধ করলেও ম্যাচের ফল বদলায়নি। অবশ্য নক আউটে গেল দু'দলই। ৬ ম্যাচে দু'পক্ষই পেয়েছে ১৫ পয়েন্ট। গোল পার্থক্যে এগিয়ে প্যারিস।

আইপিএল'এ চেন্নাইয়ের জার্সি গায়েই ফিরছেন এমএস ধোনি

নয়াদিল্লি, ৬ ডিসেম্বর: চেন্নাই ভক্তদের জন্য সুখবর। আগামী বছর আইপিএলে চেন্নাই সুপার কিংসের হলুদ জার্সিতেই দেখা যাবে মহেন্দ্র সিং ধোনিকে। বুধবার আইপিএলের পরিচালন কমিটির বৈঠকের পর স্পষ্ট হয়ে গিয়েছে বিষয়টি।

দু'বছরের নির্বাসন কাটিয়ে আগামী বছর আইপিএলে ফিরতে চলেছে চেন্নাই ও রাজস্থান রয়ালস। কিন্তু তাদের প্রত্যাবর্তন নয়, জল্পনা ছিল পুরনো খেলোয়াড়দের দলগুলি কীভাবে ফিরে পাবে তা নিয়ে। পরিচালকদের সিদ্ধান্ত অনুযায়ী গত দু'বছরে পুণের হয়ে খেলা ক্রিকেটারদের মধ্য থেকে ৫ জনকে ধরে রাখতে পারবে চেন্নাই। আর রাজস্থানকে খেলোয়াড় বাছতে হবে গুজরাত লায়ন্স থেকে। ফলে ধোনির চেন্নাইতে ফেরাটা নিশ্চিত। আর এটাই খুশি করছে সমর্থকদের।

এদিন বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছে পরিচালন কমিটি। পুরনো প্লেয়ার ধরে রাখার সংখ্যা তিন থেকে বাড়িয়ে পাঁচ করার প্রস্তাব দিয়েছিল কয়েকটি ফ্র্যাঞ্চাইজি। যা মেনে নেওয়া হয়েছে। পাশাপাশি এ-ও জানানো হয়েছে, ভারতীয় ক্যাপড ক্রিকেটারদের মধ্যে সর্বোচ্চ তিনজন, ভারতীয় আনক্যাপড ও বিদেশিদের ক্ষেত্রে সর্বোচ্চ দু'জন করে ক্রিকেটার এই তালিকায় রাখা যাবে। এর মধ্যে সর্বোচ্চ তিনজনকে নিলামের আগে আর সর্বোচ্চ তিনজনকে নিলাম চলাকালীন রাইট টু ম্যাচ ব্যবহার করে ধরে রাখা যাবে। এছাড়াও বাড়ানো হয়েছে ফ্রাঞ্চাইজিগুলির স্যালারি পার্স। ২০১৮-২০ সময়কালের তিন বছরে যথাক্রমে ৮০, ৮২ ও ৮৫ কোটি টাকা খরচা করতে পারবে তারা। এতদিন এই মাত্রা ছিল ৬০ কোটি টাকা।

অভ্র'র বদলে বেঙ্গালুরুতে রালতে

বেঙ্গালুরু, ৬ ডিসেম্বর: চোট পাওয়া গোলরক্ষক অভ্র মণ্ডলের বদলি হিসাবে লাথুয়ামমাওইয়া রালতেকে ফিরিয়ে আনল বেঙ্গালুরু এফসি। এবার আইএসএল শুরু হওয়ার আগে চোট পেয়েছিলেন রালতে। তাঁর টিবিও-ফিবুলার লিগামেন্টে আঘাত লেগেছিল। ফলে স্কোয়াড থেকে বাদ পড়েন তিনি। কিন্তু এবার অভ্র'র হ্যামস্ট্রিংয়ে চোট লাগায় তাঁকে ফিরিয়ে আনা হল। দলের প্রথম গোলরক্ষক গুরপ্রীত সিং সান্ধু সাসপেন্ড হওয়ায় নর্থইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে পরের ম্যাচে খেলবেন রালতে।

ডোপের দায়ে অলিম্পিক থেকে নির্বাসিত রাশিয়া

লুসানে, সুইজারল্যান্ড, ৬ ডিসেম্বর: অলিম্পিকের কলঙ্কজনক অধ্যায়। ডোপের দায়ে শেষ পর্যন্ত ২০১৮-র শীতকালীন অলিম্পিক থেকে নির্বাসিত করা হল রাশিয়াকে। মঙ্গলবার এক ঐতিহাসিক সিদ্ধান্তে ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি আগামী পিয়ংচাং অলিম্পিক থেকে নির্বাসন দিল রাশিয়াকে। সুইজারল্যান্ডের লুসানে এক গুরুত্বপূর্ণ বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। যদিও রাশিয়ার প্রতিযোগিরা অলিম্পিকে অংশগ্রহণ করতে পারবেন একটি নিরপেক্ষ পতাকার নিচে একত্রিত হয়ে।

২০১৮'র শীতকালীন অলিম্পিক থেকে রাশিয়াকে নির্বাসন দেওয়ার পাশাপাশি আন্তর্জাতিক অলিম্পিক কমিটি রাশিয়ার উপর প্রধানমন্ত্রী ভিটালি মুটকোকে সারাজীবনের জন্য খেলাধুলার মঞ্চ থেকে নির্বাসিত করেছে। উপ প্রধানমন্ত্রী অলিম্পিক কমিটির আয়োজিত কোনও খেলাধুলার মঞ্চে অংশ গ্রহণ করতে পারবেন না বলে জানিয়ে দিয়েছে অলিম্পিক কমিটি। ডোপ কেলেঙ্কারি নিয়ে তদন্ত এগিয়ে নিয়ে যেতে একটি ইনডিপেনডেন্ট টেস্টিং অথরিটি বা স্বাধীন তদন্ত কমিটি গড়েছে আইওসি। সেই তদন্তের ব্যয়ভারও রাশিয়াকেই বইতে হবে। তার জন্য ওই তদন্ত কমিটিকে প্রাথমিকভাবে ১৫ মিলিয়ন ডলার দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে রাশিয়া সরকারকে।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির প্রধান থমাস বাখ এক সাংবাদিক সম্মেলনে এই সমস্ত সিদ্ধান্তের কথা জানিয়েছেন। তিনি আরও জানান, রাশিয়ার এই ডোপ কেলেঙ্কারি অলিম্পিক ও খেলার ঐতিহ্যের উপর একটি জঘন্য লজ্জাজনক আক্রমণ। অলিম্পিকের ইতিহাসে রাশিয়ার এই ডোপিং সিস্টেম লজ্জাজনক অধ্যায় হিসাবে লেখা থাকবে বলেই জানান আইওসি প্রধান থমাস বাখ।

বিশেষজ্ঞরা মনে করেন, বুধবারের মধ্যেই রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এই নির্বাসনের বিরুদ্ধে মুখ খুলবেন। তিনি অলিম্পিকের সমস্ত খেলা থেকে বয়কট করার সিদ্ধান্তও নিতে পারেন বলে মনে করা হচ্ছে। দেশের প্রতিযোগীদের নিরপেক্ষ পতাকার তলায় একত্রিত হয়ে অলিম্পিকে অংশগ্রহণ বন্ধ করে দিতে পারেন বলেও মনে করা হচ্ছে। প্রেসিডেন্ট পুতিন আগেই এই বিষয়ে বলেছেন, দেশ কখনও কোনও লজ্জাজনক সিদ্ধান্ত মানবে না।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির প্রধান থমাস বাখ জানিয়েছেন, 'অ্যান্টি ডোপিং সিস্টেম কড়াভাবে মানা হবে। ওয়াডা'র তরফ থেকে ডোপিং নির্মূল করার অভিযান চলবে। কোনওরকমেই খেলাধুলায় ডোপিং এর

কোনও সম্ভাবনা নেমে নেওয়া হবে না।' ডোপিং নিয়ে ম্যাকলারেন কমিটির রিপোর্ট পাওয়ার পর ইতিমধ্যেই রাশিয়াকে এবছরে লন্ডনে অনুষ্ঠিত অ্যাথলিটস বিশ্ব চ্যাম্পিয়ন থেকে নির্বাসিত করা হয়েছে। ম্যাকলারেন রিপোর্টে বলা হয়েছে, সরকারের সাহায্যেই রাশিয়ার অ্যাথলিটদের পর্যায়ক্রমে ডোপিংয়ের ব্যবস্থা করা হয়েছে। যা ক্ষমাহীন অপরাধের মধ্যেই পড়ে। যেভাবে একটি দেশ নিজের প্রতিযোগীদের ডোপিং করতে সাহায্য করছে বা কখনও বাধ্য করছে তা নজিরবিহীন এবং অলিম্পিকের ঐতিহ্যের প্রবল বিরোধী।

ম্যাকলারেন রিপোর্টের পর স্কমিড রিপোর্টেও ওই এক সরকারিভাবে ডোপিং এর উঠে আসে, কীভাবে অ্যান্টি ডোপিং সিস্টেমকে বুড়ো আঙুল দেখিয়ে রাশিয়া সরকার খেলোয়াড়দের ডোপিং করতে সাহায্য করেছে। কখনও আবার খেলোয়াড়দের বাধ্যও করেছে সরকার ও তার খেলার কমিটিগুলি।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির অ্যান্টি ডোপিং কমিশনের চেয়ারম্যান স্যামুয়েল স্কমিড নিজে এই ডোপিং কাণ্ডের তদন্ত করেন। ম্যাকলারেন রিপোর্ট দেওয়ার পরই নড়েচড়ে বসে আন্তর্জাতিক অলিম্পিক কমিটির অ্যান্টি ডোপিং কমিটি। একটি সরকারের সাহায্যে কীভাবে সমস্ত আইন অমান্য করে ডোপিংয়ে খেলার ইতিহাসকে কলঙ্কিত করা হয়েছে ও হচ্ছে তা দেখে অবাক হয়ে যায় অলিম্পিকের অ্যান্টি ডোপিং কমিশন। তারপরই অ্যান্টি ডোপিং কমিশনের চেয়ারম্যান স্যামুয়েল স্কমিড নিজে এই তদন্তে নামেন।

তদন্তে যা উঠে আসে তাতে চক্ষু চড়কগাছ হয়ে যায় আন্তর্জাতিক অলিম্পিক কমিটির অ্যান্টি ডোপিং কমিশনের। একটি দেশ ডোপিং এর সমস্ত শর্ত, সমস্ত আইন ভেঙে ডোপ করছে ও করতে সাহায্য করছে দেখে হতবাক হয়ে যান কমিশনের সদস্যরা। তদন্তে উঠে আসে রাশিয়া সরকারের স্পোর্টস মিনিস্ট্রারই এই ডোপিং এর সঙ্গে সরাসরি যুক্ত। অলিম্পিকের ইতিহাসে এই ধরণের নজিরবিহীন কলঙ্কিত অধ্যায় এর আগে খুব কম এসেছে। প্রধানমন্ত্রী ভ্লাদিমির পুতিন এর ডেপুটি, রাশিয়ান উপ প্রধানমন্ত্রী ভিটালি মুটকো ছিলেন স্পোর্টস মিনিস্টারির দায়িত্বে। সরাসরি রাশিয়ান সরকারের ভূমিকা প্রমাণ হয়ে যায় আন্তর্জাতিক অলিম্পিক কমিটির অ্যান্টি ডোপিং কমিশনের তদন্তে।

যদিও রাশিয়ান সরকারের তরফ থেকে সমস্ত অভিযোগ অস্বীকার করা হয়। বলা হয়েছে, আমেরিকা ও তাদের সহকারী দেশগুলির চাপেই রাশিয়াকে ঘিরে একঘরে করে রাখার চেষ্টা চলছে। কিন্তু সমস্ত তদন্ত রিপোর্টেই রাশিয়া সরকারের বিরুদ্ধেই যাচ্ছে। যার জেরেই রাশিয়াকে লন্ডনের অ্যাথলিটস বিশ্ব চ্যাম্পিয়ন ও পিয়ংচাং এর শীতকালীন অলিম্পিক থেকে নির্বাসিত করা হল।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির এই সিদ্ধান্তে চাপে পড়ে গেল আন্তর্জাতিক ফুটবলের নিয়ামক সংস্থা ফিফাও। কারণ ২০১৮তে ফুটবল বিশ্বকাপ হতে চলেছে রাশিয়াতে। আর পদাধিকার বলে, এই ফুটবল বিশ্বকাপের ব্যবস্থাপনার প্রধানও এই রাশিয়ান উপ প্রধানমন্ত্রী ভিটালি মুটকো। যাকে আজীবন খেলাধুলার মঞ্চ থেকে নির্বাসিত করেছে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি। অলিম্পিক কমিটির তরফ থেকে ডোপিং এর কারণে নির্বাসিত একজনকে প্রধান করে কি করে ফিফার ফুটবল বিশ্বকাপ হবে, প্রশ্ন উঠে গিয়েছে তা নিয়েও। এখন ফিফা কি সিদ্ধান্ত নেয় সেটাও দেখার। কারণ ফিফাও বরাবর কঠোরভাবে ব্যবস্থা নিয়েছে ডোপিংয়ের বিরুদ্ধে। তবে এই নিয়ে ভ্লাদিমির পুতিন সরকারের সঙ্গে আন্তর্জাতিক অলিম্পিক কমিটির বিরোধ যে তুঙ্গে উঠবে তা আর বলার অপেক্ষা রাখে না। ইতিমধ্যেই রাশিয়া সরকার ঘোষণা করেছে যে, দেশ না থাকায় তারা শীতকালীন অলিম্পিকের কোনও পরিবেশনা করবে না। অর্থাৎ টিভিতে শীতকালিন অলিম্পিক দেখতে পাবেন না রাশিয়ার মানুষ।

বুধবারের এই নির্বাসন নিয়ে রাশিয়ার প্রধানমন্ত্রী ভ্লাদিমির পুতিন সংবাদমাধ্যমে মুখ খুলবেন বলে মনে করা হচ্ছে। তবে ডোপিং ও নির্বাসনকে ঘিরে রাশিয়া বনাম আন্তর্জাতিক অলিম্পিক কমিটির লড়াই যে সহজে থামবে না তা বলাই যায়।

চ্যাম্পিয়ন্স লিগে পিছিয়ে পড়েও ম্যাচ জিতল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। ঘরের মাঠে সিএসকেএ মস্কোর বিরুদ্ধে প্রথমার্ধের শেষ মুহূর্তে গোল খায় রেড ডেভিলসরা। রাশিয়ান দলটির ভিটিনেহা গোল করেন। তবে বেশিক্ষণ পিছিয়ে থাকতে হয়নি গতবারের ইউরোপা লিগ জয়ীদের। ৬৪ মিনিটে পল পোগবার পাস থেকে ম্যাঞ্চেস্টারকে এগিয়ে দেন রোমান লুকাকু। দুই মিনিটের মধ্যে হুয়ান মাতার পাসকে গোলে পরিবর্তীত করে দলকে জয় এনে দেন মার্কাস র‍্যাশফোর্ড। এই ম্যাচ জেতায় গ্রুপ চ্যাম্পিয়ন হিসাবে চ্যাম্পিয়ন্স লিগের থ্রি কোয়ার্টার ফাইনালে গেল ম্যানইউ। গ্রুপের অন্য ম্যাচে বেনফিকাকে ২-০ গোলে হারিয়ে রানার্স হিসাবে নক আউটে গেল বাসেল। ৬ ম্যাচে ম্যাঞ্চেস্টার পেয়েছে ১৫ পয়েন্ট। আর বাসেলের সংগ্রহ ১২। সমসংখ্যক ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপে তৃতীয় হয়ে ইউরোপায় চলে গেল মস্কো।

প্রকাশক এবং মুদ্রক ডি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্ লাহা (পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).